

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৭৫

আগরতলা, ২৬ ডিসেম্বর, ২০২৫

বীর বাল দিবস উদযাপন অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ আগরতলার চানমারি গুরুদোয়ারা সাহিবে আয়োজিত বীর বাল দিবস উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। মুখ্যমন্ত্রী গুরুদোয়ারায় বীর বাল দিবস উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রার্থনা সভায় অংশ নেন এবং রাজ্যবাসীর মঙ্গল কামনায় আশীর্বাদ প্রার্থনা করেন।

পরে সাংবাদিকদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী বলেন, ২০২২ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বীর বাল দিবস উদযাপনের ঘোষণা দিয়েছিলেন। এই দিনটি মূলত গুরু গোবিন্দ সিং-এর দুই পুত্র সাহেবজাদা বাবা জোরাওয়ার সিং এবং বাবা ফতেহ সিং-এর আত্মত্যাগকে স্মরণ করতে বীর বাল দিবস উদযাপন করা হয়। তাদের আত্মবিশ্বাস, সাহসিকতা ও আত্মত্যাগের কাহিনী তরণ যুব সমাজের কাছে অনুপ্রেরণার ও শিক্ষণীয়। মুখ্যমন্ত্রী বলেন, বীর বাল দিবস উদযাপনের মূল উদ্দেশ্যই হচ্ছে দেশাত্মবোধের ভাবনা ও নিজের প্রতি আস্থা ও বিশ্বাস গড়ে তোলা। সারা ভারতবর্ষে আজ এই দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হচ্ছে। তিনি শিখ ধর্মাবলম্বী সহ সকল রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়ক ভগবান চন্দ্র দাস প্রমুখ উপস্থিতি ছিলেন।
